



রূপগঞ্জে মাদকের বিরুদ্ধে এসআই নাজিমের ব্যতিক্রমী অভিযানে স্বস্তি



এসআই নাজিম ও চৌকস পুলিশ টিম। ছবি: লেন্স এশিয়া

নারায়ণগঞ্জ জেলার আলোচিত এলাকা রূপগঞ্জে ৫ই আগস্টের পর পরিবর্তিত পরিস্থিতিতে এখানে মাদক কেনাবেচা ও নানা অপরাধ উদ্বেগজনক হারে বেড়ে যায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে এবার কঠোর অবস্থানে মাঠে নেমেছেন রূপগঞ্জ থানার এসআই নাজিম ও একদল চৌকস পুলিশ কর্মকর্তা।

মাদকের বিরুদ্ধে এসআই নাজিমের অবস্থান স্পষ্ট ও কঠোর। “মাদকের সঙ্গে কোনো আপস নয়”—এই মূলনীতি সামনে রেখে তিনি নিয়মিত অভিযান পরিচালনা করছেন। গত কয়েক সপ্তাহে তার নেতৃত্বে রূপগঞ্জের বিভিন্ন স্থান থেকে বিপুল পরিমাণ মাদক উদ্ধার করা হয়েছে। একই সঙ্গে বেশ কয়েকজন চিহ্নিত কারবারিকে গ্রেপ্তার করে আইনের আওতায় আনা হয়েছে।

তার অভিযানের উল্লেখযোগ্য দিক হলো মানবিক দৃষ্টিভঙ্গি। শুধু ধরপাকড়ে সীমাবদ্ধ না থেকে, যারা অন্ধকার পথ ছেড়ে স্বাভাবিক জীবনে ফিরতে চায়, তাদের জন্যও সুযোগ তৈরি করা হচ্ছে।

খুচরা মাদক কারবারিদের আটক করার পর অনেক ক্ষেত্রে পরিবারের উপস্থিতিতে তাদের কাছ থেকে অপরাধ না করার অঙ্গীকার নেওয়া হচ্ছে। মাদক ব্যবসা ছেড়ে সুস্থ জীবনে ফেরার পথ দেখিয়ে এলাকায় প্রশংসা কুড়িয়েছেন এসআই নাজিম।

পুলিশের সাঁড়াশি অভিযান এবং সংশোধনমূলক এই উদ্যোগকে স্বাগত জানিয়েছেন রূপগঞ্জের সাধারণ মানুষ। স্থানীয়দের মতে, শুধু জেল-হাজতে ভরে মাদক নির্মূল সম্ভব নয়; নাজিমের মতো কর্মকর্তাদের সংশোধনভিত্তিক পদক্ষেপ যুবসমাজকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে পারে।

বর্তমানে রূপগঞ্জে মাদকবিরোধী অভিযান অব্যাহত রয়েছে। এসআই নাজিম জানিয়েছেন, এলাকাকে শতভাগ মাদকমুক্ত না করা পর্যন্ত এ তৎপরতা চলবে।